# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১)পি এম কিষাণ সহায়তার ২১তম কিস্তির অর্থ রাজ্যের ১৮ লক্ষের অধিক কৃষকের ব্যাঙ্ক একাউন্টে হস্তান্তর ।

২) ভোটার তালিকার বিশেষ সংশোধনীর মাধ্যমে বহি:রাজ্য থেকে আসা লোকও আসামের ভোটার তালিকায় নাম নথিভুক্ত করতে পারবেন বলে প্রকাশিত সংবাদ সম্পর্কে রাজ্য নির্বাচন বিভাগের স্পষ্টীকরণ ।

৩) আগামী বছরের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে নির্বাচন কমিশনের পক্ষ থেকে আসামে রূপায়ন হতে যাওয়া বিশেষ সংশোধনীর বিষয়টি নিয়ে আজ কাছাড় জেলা প্রশাসনের বৈঠক ।

৪)২০২৫ - ২৬ শিক্ষাবর্ষের জন্য রাজ্যের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার দিন ঘোষণা ।

এবং

৫) রাজ্যের বেসরকারী বিদ্যালয়গুলি সরকারের নিয়ন্ত্রণে থাকতে হবে বলে গৌহাটি হাই কোর্টের স্পষ্টিকরণ ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের একুশ তম কিস্তির সূচনা করেছেন । এই প্রকল্পের আওতায় সমগ্র দেশের ন'কোটি কৃষকের জন্য ১৮ হাজার কোটিরও বেশি টাকা মঞ্জুর করে দেওয়া হয়েছে । রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরা আজ বোকাখাট সম-জেলা থেকে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এই

অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে কৃষি বিভাগের বেশকয়েকজন আধিকারিক উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য- কৃষিকাজের জন্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করে কৃষকদের বিজ্ঞান সম্মত পদ্ধতিতে আয়বৃদ্ধির ক্ষেত্রে আহায়তা করার উদ্দেশ্যে ২০১৯ সালে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্প রূপায়ণ করা হয়েছিল । এই প্রকল্পের অধীনে যোগ্য কৃষকদের দুহাজার টাকা করে তিনটি কিস্তিতে বছরে ছ'হাজার টাকা প্রদান করা হবে । এই প্রকল্পের ২১তম কিস্তির আওতায় আসাম ৩৬৩ কোটি টাকা লাভ করেছে । এই অর্থের দ্বারা রাজ্যের প্রায় ১৮ লক্ষ ১৮ হাজার কৃষক উপকৃত হবেন ।

---

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর অনুষ্ঠান আজ কাছাড় জেলার অরুনাচলের কৃষি বিজ্ঞান কেন্দ্রে সরাসরি সম্প্রচার করা হয় ।
এ উপলক্ষ্যে আজ সরকারী উদ্যোগে পি এম কিষান উৎসবও পালন করা হয়েছে । উল্লেখ্য কাছাড় জেলায় এবার ৬৭ হাজার হিতাধিকারী এই অর্থ লাভ করেছেন বলে কৃষি বিভাগ সূত্রে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার ৭৩ হাজার ৮শ ৬৫ জন হিতাধিকারী পি এম কিষান সম্মান নিধির ২১তম কিস্তির অর্থ লাভ করেছেন । এ উপলক্ষে আজ জেলার বোয়ালিপারের পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানের রাজ্য পর্যায়ের প্রতিষ্ঠান- (এস আই পি আর ডি)তে একটি সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । জেলা কৃষি আধিকারিক মনোজ কুমার বৈশ্যের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় কৃষকদের কল্যাণে সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়েছে ।

পি এম কিষান সম্মান নিধির এক কৃষক হিতাধিকারী আব্দুল মালিক লস্কর আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে ------

---

রাজ্যে মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ৪০ লক্ষ মহিলাকে অর্থ প্রদান করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । নলবাড়ী জেলার সামতা ক্রীড়া সংস্থার খেলার মাঠে মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ওই জেলার ৩৩ হাজার ৫৯৬টি আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যদের দশ হাজার টাকা করে চেক প্রদান করে মুখ্যমন্ত্রী একথা জানান । তিনি বলেন যে- মহিলাদের সবলীকরণের লক্ষ্যে এই প্রকল্প রূপায়ণ করা

হয়েছে। তিনি বলেন যে- সরকার সহায়তা করলে মহিলারা সঠিক পথে এগিয়ে যেতে পারবে । সরকার মহিলাদের লাখপতি করে তোলার জন্য চেষ্টা করে যাচ্ছে বলেও তিনি মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আসামের ভোটার তালিকার বিশেষ সংশোধনীর মাধ্যমে বহি:রাজ্য থেকে আসা লোকেরাও আসামের ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত করতে পারবেন বলে একাংশ সংবাদপত্রে প্রকাশিত খবর সত্য নয় বলে রাজ্যের নির্বাচন বিভাগ স্পষ্ট করে দিয়েছে । আজ প্রকাশিত একটি বিজ্ঞপ্তিতে রাজ্যের যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক বলেছেন যে দীর্ঘ সময়ের জন্য বসবাস করার অভিপ্রায় নিয়ে সাধারণভাবে আসামে বসবাস করা লোকেরাই শুধুমাত্র ৮ নম্বর প্রপত্রের মাধ্যমে আসামের কোন ভোট গ্রহণ কেন্দ্রে নাম স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন । নির্দষ্ট প্রক্রিয়া অনুসারে সেই আবেদনপত্র সমূহ বিবেচনা করা হবে এবং সেই অনুসারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে । এছাড়া , ইতিমধ্যে ভোটার তালিকায় নাম থাকা কোন ব্যাক্তির উচ্ছেদ অথবা অন্য কোন কারণে বাসস্থান স্থানান্তর হলে তারা বর্তমানে বসবাস করা এলাকার ভোটগ্রহণ কেন্দ্রে নিজেদার নাম অর্ন্তভুক্তির জন্য ৮ নম্বর প্রপত্র পূরণ করে আবেদন করতে পারবেন । এই ক্ষেত্রে পঞ্জীয়নভুক্ত ভোটদাতাদের নাম বাদ যাওয়ার কোন ধরণের আশঙ্কা নেই বলে বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আগামী বছরের পয়লা জানুয়ারিকে ভিত্তি করে নির্বাচন কমিশনের পক্ষ থেকে আসামে রূপায়ণ হতে যাওয়া স্পেশাল রিভিশন অর্থাৎ বিশেষ সংশোধনীর বিষয়টি নিয়ে আলোচনার উদ্দেশ্যে আজ কাছাড়ের জেলা প্রশাসনের পক্ষ থেকে এক গুরুত্বপূর্ণ বৈঠক আহ্বান করা হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত এই বৈঠকে জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত থেকে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন । জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান- নির্বাচন কমিশনের নির্ধারিত কর্মসূচী অনুযায়ী এই বিশেষ সংশোধনী প্রক্রিয়াকে সর্বাঙ্গীন করে তুলতে এবং প্রক্রিয়াটিকে স্বচ্ছভাবে পরিচালনা করার লক্ষ্যে এই বৈঠকের আয়োজন করা হয়েছে । শ্রী যাদব এই বিশেষ সংশোধনী প্রক্রিয়ার মূল বিষয়গুলি জনসাধারণের মধ্যে ব্যাপকভাবে প্রচার করার পাশাপাশি সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় এই বৈঠকে সকলের সামনে তুলে ধরেন । তিনি জানান- আগামী বছরের পয়লা জানুয়ারিকে ভিত্তি করে নির্বাচনী তালিকার বিশেষ পুর্নবিবেচনা প্রক্রিয়া যাতে সুন্দরভাবে সম্পন্ন হয়, সেদিকে লক্ষ্য রেখেই এই বিশেষ সংশোধনী প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে । তিনি সময়সূচি, ডেটা

আপডেট, নতুন ভোটারদের নাম অর্ন্তভুক্তি সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নিয়ে আজকের বৈঠকে বিস্তারিত আলোচনা করেন । এই সংক্রান্ত সঠিক তথ্য জনসাধারণের কাছে পৌঁছে দেওয়ার পাশাপাশি সর্বস্তরের লোকেদের মধ্যে সচেতনতা ছড়িয়ে দেবার কাজে তিনি প্রত্যেকের সহযোগিতা কামনা করেছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার দিন ঘোষণা করা হয়েছে । আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫-২৬ শিক্ষাবর্ষের মাধ্যমিক পরীক্ষা আগামী দশই ফেব্রুয়ারি থেকে ২৭ শে ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে । তবে এই মাধ্যমিকের প্র্যাক্টিক্যাল পরীক্ষা সমূহের সূচি পরে ঘোষণা করা হবে ।

এদিকে এই শিক্ষা পর্ষদের আওতাধীন উচ্চ মাধ্যমিকের কলা, বিজ্ঞান, বাণিজ্য এবং বৃত্তিমূলক শাখার চূড়ান্ত পরীক্ষা আগামী ১১ই ফেব্রুয়ারি থেকে ১৬ই মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হবে । উচ্চ মাধ্যমিকের প্র্যাক্টিক্যাল পরীক্ষা সমূহ আগামী ২৭শে জানুয়ারি থেকে সাতই ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে বলে রাজ্যের শিক্ষা পর্ষদের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের বেসরকারী বিদ্যালয়গুলি সরকারের নিয়ন্ত্রণে থাকতে হবে বলে গৌহাটি হাইকোর্ট স্পষ্ট করে দিয়েছে । সারা আসাম ইংরেজি মাধ্যম বিদ্যালয় সংস্থা এই সম্পর্কে আদালতে দায়ের করা একটি মামলা খারিজ করে গৌহাটি হাইকোর্ট শিশুদের সুরক্ষিত ভবিষ্যতের জন্য রাজ্য সরকারের প্রণয়ন করা আসাম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা) আইন- ২০২৬ এর প্রয়োজন রয়েছে বলে উল্লেখ করেছে । সংস্থাটি হাইকোর্টে একটি রিট পিটিশন দাখিল করে রাজ্য সরকারের পরণয়ন করা আসাম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান আইনটি অসাংবিধানিক হিসেবে আখ্যা দিয়েছিল । তবে আদালত সংগঠনটির এই দাবী নস্যাৎ করে দিয়েছে । আসাম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান আইনের মাধ্যমে শিক্ষা বিভাগের সঞ্চালককে পূর্ণ পর্যায়ের ক্ষমতা দেওয়ায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের স্বতন্ত্রতায় আঘাত লেগেছে বলে সারা আসাম ইংরেজি মাধ্যম বিদ্যালয় সংস্থার পক্ষ থেকে তাদের আইনজীবি আদালতে যুক্তি প্রদর্শন করেছেন । তবে আদালত এই আইনটি কোনো অযৌক্তিক বিষয় নয় বলে জানিয়েছে । এছাড়া রাজ্য এবং দেশের বর্তমান প্রেক্ষাপটের ভিত্তিতে এধরণের আইনের প্রয়োজনীয়তা রয়েছে বলে আদালত স্পষ্ট করে দিয়েছে । আইনটি বেসরকারী ক্ষেত্রের বিদ্যালয়গুলির ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হওয়ার ভিত্তি হতে পারে না বলে উল্লেখ করে

গৌহাটি হাইকোর্ট সারা আসাম ইংরেজি মাধ্যম বিদ্যালয় সংস্থার মামলাটি খারিজ করে দিয়েছে । উল্লেখ্য- আসাম সরকারের প্রণয়ন করা এই আইনে দুঃস্থ শ্রেণীর মেধাবী ছাত্রছাত্রীদের জন্য বেসরকারী ক্ষেত্রের বিদ্যালয়গুলিতে পাঁচ শতাংশ আসন সংরক্ষণের উল্লেখ করা হয়েছে । এছাড়া বেসরকারী ক্ষেত্রের বিদ্যালয়গুলির মাশুলের কাঠামো নির্ধারণ করার বিষয়টিও এই আইনের আওতায় রাখা হয়েছে । কিন্তু এই দিকগুলি সরকারের আওতায় আসা উচিত নয় বলে উল্লেখ করে সারা আসাম ইংরেজি মাধ্যম বিদ্যালয় সংস্থা আদালতে এই আইনকে প্রত্যাহ্বান জানিয়েছিল ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্ম বার্ষিকী পালন উপলক্ষ্যে লালা শহরে তৃতীয় পদযাত্রার আয়োজন করা হয়েছে । এদিন সকাল ৮টায় লালা শহরের মেলার মাঠ থেকে পদযাত্রা বের হবে । অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতের পৌরহিত্যে এ উপলক্ষ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

রাজ্যের তপশিলি জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী কল্যাণ সঞ্চালকালয়ের পক্ষ থেকে ইন্টার কাস্ট মেরেজ ইনসেন্টিভ'এর জন দরখাস্ত আহ্বান করা হয়েছে । সঞ্চালকালয়ের পক্ষ থেকে জারী করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে হাইলাকান্দি জেলায় ২০২৪ সালে যেসব দম্পত্তি বিবাহ আন্তঃবিবাহ সম্পন্ন করেছেন , তাদেরকে আগামী ৩০শে নভেম্বরের মধ্যে আবেদন করতে হবে । আবেদন পত্র hhtps//directorwise.assam.gov.in এই ওয়েব সাইটে জমা দিতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার কাটাখাল দুবিয়ারপুর প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্ধার্থ শংকর চৌধুরী ও বিদ্যালয় পরিচালন সমিতির সভাপতি হীরেন্দ্র চন্দ্র দাসকে পাঁচগ্রাম পুলিশ সরকারী অর্থ আত্মসাত করার অভিযোগে আজ গ্রেপ্তার করেছে । শিক্ষা বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে বিদ্যালয়ের রান্না ঘরের শেড নির্মানের জন্য চলতি বছরের ২৭শে মে অনুমোদিত দু লক্ষ ৭৫ হাজার তিনশ ৩১ টাকার সরকারী অনুদান যথাযথ ব্যবহার না করে , আত্মসাৎ করেছেন বলে অভিযোগ রয়েছে ।
উল্লেখ্য হাইলাকান্দি শিক্ষা খন্ডের আধিকারিক মনোজ কুমার দাস এবং সহকারী বাস্তুকার কুমারজ্যোতি দাস যৌথভাবে লিখিত অভিযোগ দায়ের করার পর পুলিশ অভিযুক্ত প্রধান শিক্ষক ও পরিচালন সমিতির সভাপতিকে গ্রেপ্তার করেছে ।

---